দৈনিক
সকালবেলা
নতুন প্রজন্মের কাগজ
The Daily Sakalbela
প্রতিষ্ঠাতা ঃ সৈয়দ এনামুল হক
প্রকাশনার ৩০ বছর



ফুলকপির খেতে পরিচর্যা করছেন তিনি। পাটপাশা, আলিয়াবাদ ইউনিয়ন, সদর উপজেলা, ফরিদপুর।

শনিবার
- রেজি নং ডিএ- ১৯৮৭
- ৩০ তম বর্ষ, ২০৪ সংখ্যা
- ঢাকা, **২৮ নভেম্বর ২০২৬**
- ১৩ অগ্রহায়ণ ১৪৩৩ বাংলা
- ১৭ জমা: সানি ১৪৪৮ হিজরী
- ৮ পৃষ্ঠা, মূল্য ৫ টাকা

গণতন্ত্র স্থায়ী করতে শক্তিশালী প্রাতিষ্ঠানিক ভিত্তি গড়ে তুলতে হবে : রিজভী

স্টাফ রিপোর্টার :
বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, শক্তিশালী প্রাতিষ্ঠানিক ভিত্তি প্রতিষ্ঠা ছাড়া গণতন্ত্রকে টেকসই করা সম্ভব নয়। দেশে বারবার ফ্যাসিবাদ, স্বৈরাচার ও একদলীয় শাসনের ৭ এর পাতায় দেখুন

মানসম্মত চিকিৎসাসেবা নিশ্চিত করতে কাজ করছে সরকার: ভূমিমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
রাজশাহী খ্রিস্টিয়ান মিশন হাসপাতালে মেডিকেল কলেজ ও নার্সিং কলেজ প্রতিষ্ঠার বিষয়ে সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতা করা হবে বলে জানিয়েছেন ভূমিমন্ত্রী মিজানুর রহমান মিনু। তিনি ৭ এর পাতায় দেখুন

যুক্তরাজ্যে এক্সিলেন্স অ্যাওয়ার্ড পেলেন বাংলাদেশের হাইকমিশনার

স্টাফ রিপোর্টার :
যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার রাষ্ট্রদূত মুহাম্মদ আবদুল মুহিত 'এশিয়াওয়ান ডিপ্লোম্যাটিক এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬' পেয়েছেন। কূটনীতিতে আজীবন অবদান, বিশেষ করে বহুপাক্ষিকতা ৭ এর পাতায় দেখুন

তুমি রবে নিরবে...

বিনম্র শ্রদ্ধায় স্মরণ করি



লায়ন, এ্যাডভোকেট
সৈয়দ এনামুল হক
প্রতিষ্ঠাতা সম্পাদক ও প্রকাশক
দৈনিক সকালবেলা
এবং The Daily Morning Times
মহাসচিব : বাংলাদেশ সংবাদপত্র পরিষদ (BSP)
ইংরেজি সংবাদ পাঠক : বাংলাদেশ বেতার, ঢাকা।

জন্ম ঃ ১৬ এপ্রিল ১৯৫৬
মৃত্যু ঃ ২৭ অক্টোবর ২০২০

মহেশখালীতে বিদ্যুৎ ও শিল্প হাব

পরোক্ষ কর্মসংস্থান হবে ২৫ লাখ মানুষের

বিশেষ প্রতিনিধি ■
কক্সবাজারের মহেশখালীকে আন্তর্জাতিক মানের বিদ্যুৎ, শিল্প ও ম্যানুফ্যাকচারিং হাব হিসেবে গড়ে তুলতে মহাপরিকল্পনা গ্রহণ করেছে সরকার। ২০২৯ সালের মধ্যে এ অঞ্চলকে আন্তর্জাতিক শিল্প-বাণিজ্য কেন্দ্রে রূপান্তরের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এ উদ্যোগ বাস্তবায়িত হলে প্রায় ২৫ লাখ মানুষের পরোক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। পাশাপাশি দেশের মোট দেশজ উৎপাদনে (জিডিপি) বছরে প্রায় ৫০ বিলিয়ন মার্কিন ডলার যুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। মহেশখালীকে জ্বালানি ও অর্থনৈতিক উন্নয়নের কেন্দ্র হিসেবে গড়ে তুলতে চলমান ও প্রস্তাবিত উন্নয়ন প্রকল্প পর্যালোচনা এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নির্ধারণে সম্প্রতি সরকারের উচ্চপর্যায়ে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। চলতি মাসের ৪ নভেম্বর পরিকল্পনা প্রতিমন্ত্রী মো. জোনায়েদ আব্দুর রহিম সাকির সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের এনইসি সম্মেলন কক্ষে এ সভা হয়। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নৌপরিবহন প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান। সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার কর্মকর্তারাও সভায় অংশ নেন। সংশ্লিষ্ট সূত্র জানায়, মহাপরিকল্পনা বাস্তবায়নের ফলে প্রায় ১ লাখ ৫০ হাজার মানুষের প্রত্যক্ষ এবং প্রায় ২৫ লাখ মানুষের পরোক্ষ কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। এ ছাড়া লজিস্টিকস ব্যয় প্রায় ৪ বিলিয়ন ডলার কমবে। পণ্য পরিবহনে সময় সাশ্রয়ের ফলে আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা সক্ষমতা বাড়বে। শিল্প ও ম্যানুফ্যাকচারিং খাতে আপস্ট্রিম ও ডাউনস্ট্রিম বৈচিত্র্য আনার মাধ্যমে বৈদেশিক লেনদেনের ভারসাম্যে (বিওপি) ১৬ থেকে ১৮ বিলিয়ন ডলার সাশ্রয়ের প্রত্যাশা করা হচ্ছে।

অগ্রাধিকার পাচ্ছে যেসব প্রকল্প : সরকারের পরিকল্পনা অনুযায়ী, ২০২৯ সালের মধ্যে মহেশখালী অঞ্চলকে আন্তর্জাতিক মানের শিল্প-বাণিজ্য কেন্দ্রে পরিণত করতে একগুচ্ছ প্রকল্প বাস্তবায়ন করা হবে। এর মধ্যে রয়েছে মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দর ও সংযোগ সড়ক নির্মাণ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেডের ৭ এর পাতায় দেখুন



প্রধানমন্ত্রী তারেক রহমান গতকাল শুক্রবার রাজধানীর নৌবাহিনী সদর দপ্তরের কেন্দ্রীয় জামে মসজিদে জুমার নামাজ শেষে শিশুদের সঙ্গে কথা বলেন।

শিশু-কিশোরদের পারস্পরিক সম্পর্ক ও সহযোগিতার বার্তা প্রধানমন্ত্রীর

স্টাফ রিপোর্টার :
শিশু-কিশোরদের সঙ্গে আন্তরিক সম্পর্ক গড়ে তোলা, তাদের খোঁজ-খবর নেওয়া এবং পারস্পরিক সহযোগিতা ও ভাগাভাগির মানসিকতা তৈরিতে উৎসাহ দিতে ব্যতিক্রমী সময় কাটালেন প্রধানমন্ত্রী তারেক রহমান। জুমার নামাজ শেষে শিশুদের সঙ্গে কথা বলেন তিনি। তাদের হাতে ব্যাডমিন্টন খেলার সামগ্রী উপহার দেওয়ার পাশাপাশি সবাই মিলে খেলাধুলা করছে কিনা, সে বিষয়েও খোঁজ-খবর নেন প্রধানমন্ত্রী। গতকাল শুক্রবার রাজধানীর নৌবাহিনী সদর দপ্তরের কেন্দ্রীয় জামে মসজিদে জুমার নামাজ আদায় করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রধানমন্ত্রীর উপ প্রেস সচিব মো. সুজাউদ্দৌলা (সুজন মাহমুদ) এসব তথ্য জানান। তিনি বলেন, নামাজ শেষে মসজিদ প্রাঙ্গণে উপস্থিত শিশু-কিশোরদের সঙ্গে সময় কাটান ৭ এর পাতায় দেখুন



'পতিত স্বৈরাচার' আর ফিরতে পারবে না: স্বরাষ্ট্রমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
বাংলাদেশের মাটিতে 'পতিত স্বৈরাচার' আর কখনও ফিরে আসতে পারবে না এবং ফ্যাসিবাদবিরোধী ঐক্য আবার গড়ে তুলে সত্যিকারের গণতান্ত্রিক রাষ্ট্র বিনির্মাণ করা হবে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) বিকেলে মুন্সিগঞ্জের সিরাজদিখান উপজেলার মধুপুরে জামিয়া ইসলামিয়া হালিমিয়া মধুপুর মাদ্রাসার ৫৩তম বার্ষিক ইসলাহী ইজতেমায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। দেশের চলমান স্থিতিশীল পরিস্থিতি অস্থিতিশীল করার যেকোনো পাঁয়তারা রুখে দেওয়ার আহ্বান জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পরাজিত অপশক্তি এখনও সীমান্তের ওপার থেকে অডিও-ভিডিওর মাধ্যমে ৭ এর পাতায় দেখুন

ডিসেম্বরে চার উপজেলায় ফ্যামিলি কার্ড বিতরণ করবেন প্রধানমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
আগামী ডিসেম্বরে দেশের চার উপজেলায় সরাসরি উপস্থিত থেকে ফ্যামিলি কার্ড বিতরণ অনুষ্ঠানে অংশ নেবেন প্রধানমন্ত্রী। একই সময়ে আরও ২৬৪ উপজেলায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচিতে যুক্ত থাকবেন তিনি। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ফ্যামিলি কার্ড কর্মসূচি থেকে ২৫ নভেম্বর উপজেলা নির্বাহী কর্মকর্তাদের কাছে পাঠানো এক চিঠিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, আগামী ২ ডিসেম্বর কুষ্টিয়া সদর উপজেলায় ফ্যামিলি কার্ড বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হবে। এরপর ৫ ডিসেম্বর গাইবান্ধার গোবিন্দগঞ্জ, ১২ ডিসেম্বর সুনামগঞ্জ সদর এবং ২১ ডিসেম্বর পাবনা সদর উপজেলায় অনুষ্ঠান হবে। চারটি মূল ভেন্যুর ৭ এর পাতায় দেখুন

ঘরে-বাইরে বহুমুখী চ্যালেঞ্জে পুলিশ

নিজস্ব প্রতিবেদক ■
আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, অপরাধ ও নাশকতা দমন, লুণ্ঠিত অস্ত্র উদ্ধার এবং রাজনৈতিক অস্থিরতা মোকাবিলাড় সব মিলিয়ে মাঠপর্যায়ে নানা চাপের মুখে রয়েছে পুলিশ। পাশাপাশি বাহিনীর অভ্যন্তরীণ শৃঙ্খলা ফিরিয়ে আনা, রাজনৈতিক সংশ্লিষ্টতার অভিযোগ তদন্ত, তথ্যের নিরাপত্তা নিশ্চিত এবং সদস্যদের পেশাদারত্ব বজায় রাখার বিষয়টিও নতুন করে সামনে এসেছে। কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সম্ভাব্য নাশকতা ঠেকাতে যখন সারাদেশে নিরাপত্তা জোরদার করা হচ্ছে, তখন বাহিনীর একাধিক কর্মকর্তার বিরুদ্ধে নাশকতায় ইন্ধন ও গোপন যোগাযোগের অভিযোগে গ্রেপ্তারের ঘটনাও উদ্বেগ বাড়িয়েছে। ফলে একদিকে মাঠের অপরাধ ও নাশকতা মোকাবিলা, অন্যদিকে নিজেদের ভেতরের অনিয়ম ও বিশৃঙ্খলা সামাল দেওয়ার দিকেই কঠিন সময় পার করছে পুলিশ। এমন পরিস্থিতিতে পুলিশ বাহিনীর অভ্যন্তরীণ নজরদারি বাড়ানো হয়েছে। কয়েক স্তরে সন্দেহভাজন পুলিশ কর্মকর্তা ও সদস্যদের ওপর নজর রাখছে একাধিক গোয়েন্দা সংস্থা। বিশেষ করে গোপালগঞ্জের সাম্প্রতিক নাশকতামূলক কর্মকাণ্ডে পুলিশ কর্মকর্তাদের সংশ্লিষ্টতার অভিযোগ সামনে আসার পর এ নজরদারি আরও জোরদার করা হয়েছে। গত ১৪ থেকে ২৬ নভেম্বরের মধ্যে মানবতাবিরোধী অপরাধ, হত্যা মামলা এবং নাশকতায় ইন্ধন দেওয়ার অভিযোগে দুই পুলিশ

নাশকতা, অপরাধ দমন, লুণ্ঠিত অস্ত্র উদ্ধার ও বাহিনীর শৃঙ্খলা ফেরানোর চাপ

সুপার (এসপি) ও দুজন অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তাকে গ্রেপ্তার করা হয়েছে। মানবতাবিরোধী অপরাধের মামলায় এসপি আবুল কালাম আজাদকে বুধবার গাজীপুরের ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার থেকে গ্রেপ্তার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। ঝালকাঠির বাসিন্দা আজাদ ২৫তম বিসিএসের পুলিশ কর্মকর্তা। এসআরবি-১৪-এর অতিরিক্ত পুলিশ সুপার আবুল হাসানকে গত মঙ্গলবার ঢাকায় বিএনপির কর্মী মকবুল হোসেন হত্যা মামলায় গ্রেপ্তার করা হয়। তার বিরুদ্ধে গোপালগঞ্জে সাম্প্রতিক নাশকতামূলক কর্মকাণ্ডে ইন্ধন দেওয়ার অভিযোগ রয়েছে। আর্মড পুলিশ ব্যাটালিয়নে সংযুক্ত অতিরিক্ত পুলিশ সুপার রাকিবুল হাসানকেও বুধবার রাতে গ্রেপ্তার করা হয়। ৩৩তম বিসিএসের এই কর্মকর্তার বাড়ি গোপালগঞ্জের মুকসুদপুর উপজেলায়। তাকে রাজধানীর পল্টন থানার একটি হত্যামামলায় গ্রেপ্তার দেখানো হলেও তার বিরুদ্ধে মূল অভিযোগ, মুকসুদপুরে সাম্প্রতিক নাশকতামূলক কর্মকাণ্ডে ইন্ধন দেওয়া। ২০২৪ সালের ৫ আগস্টের আগে তিনি ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা লালবাগ বিভাগের অতিরিক্ত উপকমিশনার (এডিসি) হিসেবে কর্মরত ছিলেন। এর আগে গত ১৪ নভেম্বর রাতে চট্টগ্রাম রেঞ্জ রিজার্ভ ফোর্সের এসপি মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে চট্টগ্রাম নগরের পাঁচলাইশ থানায় করা রাষ্ট্রদ্রোহের মামলায় গ্রেপ্তার করা হয়। মামলায় তার বিরুদ্ধে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাদের সঙ্গে ৭ এর পাতায় দেখুন

হামে আরও ৭ জনের মৃত্যু

স্টাফ রিপোর্টার :
গত ২৪ ঘণ্টায় সারা দেশে হাম উপসর্গে সাতজনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে সন্দেহ ও নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন এক হাজার ৩৫১ জন। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় ঢাকা বিভাগে হামের উপসর্গ নিয়ে তিনজন, সিলেট বিভাগে তিনজন ও খুলনা বিভাগে একজনের মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, দেশে গত ১৫ মার্চ থেকে হাম ও হামের উপসর্গে এ পর্যন্ত ৭ এর পাতায় দেখুন

বিশ্ববাজার

এক ধাক্কায় সোনার দাম বাড়লো ২ দশমিক ৭ শতাংশ

স্টাফ রিপোর্টার :
এক বছরের বেশি সময়ের মধ্যে সর্বনিম্ন অবস্থান থেকে ঘুরে দাঁড়িয়েছে সোনার দাম। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) স্পট মার্কেটে সোনার দাম ২ দশমিক ৭ শতাংশ বেড়ে প্রতি আউন্স ৩ হাজার ৬৬৩ ডলার ৫২ সেন্টে দাঁড়ায়। এর আগে বুধবার যুক্তরাষ্ট্রে মূল্যস্ফীতির উচ্চ পরিসংখ্যান প্রকাশের পর সুদের হার বাড়ানোর সম্ভাবনা জোরালো হয়। এতে সোনার দাম কমে ২০২৫ সালের আগস্টের পর সর্বনিম্ন পর্যায়ে নেমে গিয়েছিল। বিশ্ববাজারে সোনা লেনদেন হয় আউন্স হিসেবে। এক আউন্স সোনার ওজন ২৮ দশমিক ৩৫ গ্রাম। অন্যদিকে, এক ভরি সমান ১১ দশমিক ৬৬৪ গ্রাম। সে হিসাবে এক আউন্স সোনা প্রায় ২ দশমিক ৪৩ ভরি। তবে চলতি সপ্তাহে এখন ৭ এর পাতায় দেখুন



ইলিশ খাতের বার্ষিক অর্থনৈতিক মূল্য ৩ বিলিয়ন ডলার: কৃষিমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
মৎস্য ও প্রাণিসম্পদ এবং কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ বলেছেন, ইলিশ বাংলাদেশের জাতীয় পরিচয়, ঐতিহ্য ও খাদ্যসংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। এ মাছ দেশের অর্থনীতি এবং অসংখ্য মানুষের জীবিকা, খাদ্য ও পুষ্টিনিরাপত্তার গুরুত্বপূর্ণ উৎস। তাই ইলিশ সংরক্ষণের উদ্যোগে মাছের পাশাপাশি জেলেদের জীবিকা, মর্যাদা ও ভবিষ্যৎ সুরক্ষাকে সমান গুরুত্ব দিতে হবে। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) রাজধানীর বনানীর শেরাটন ঢাকা হোটেলে 'রিজিওনাল ৭ এর পাতায় দেখুন

জোটের শরিক দলসহ নিরপেক্ষ ভেন্যুতে সংলাপ চায় জামায়াত

স্টাফ রিপোর্টার :
দেশের বর্তমান পরিস্থিতি, ফ্যাসিবাদ ঠেকানোর প্রশ্নে রাজনৈতিক ঐক্য গড়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। জুলাই সনদ বাস্তবায়নসহ সার্বিক পরিস্থিতিতে রাজনৈতিক সংলাপের বিষয়টি সংসদে উত্থাপন করেছিলেন বিরোধী দলীয় নেতা ডা. শফিকুর রহমান। সেই সংলাপ শিগগিরি হতে যাচ্ছে। তবে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে দলীয়ভাবে না, ১১ দলীয় জোটের শরিকদের নিয়েই সংলাপে বসতে চায় বাংলাদেশ জামায়াতে ইসলামী। সংলাপের বিষয়ে সরকার ও বিএনপির পক্ষ থেকে যোগাযোগের পর জামায়াত জানিয়েছে- সচিবালয় বা প্রধানমন্ত্রীর কার্যালয় নয়, নিরপেক্ষ ভেন্যুতে সংলাপের আয়োজন হতে হবে। অন্যদিকে স্থানীয় সরকার নির্বাচন সামনে রেখে নির্বাচন কমিশনের ডাকে আগামী ২৯ ও ৩০ নভেম্বর এবং ১ ডিসেম্বর তিনদিন রাজনৈতিক দলগুলোর সঙ্গে মতবিনিময় অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। প্রথম দিন বিএনপি-জামায়াতসহ ১৯টি দলকে আমন্ত্রণ জানিয়েছে নির্বাচন কমিশন। নির্বাচন কমিশনের সঙ্গেও ১১ দলীয় ঐক্যের ব্যানারেই জোটগতভাবে অংশ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে জামায়াত। বৃহস্পতিবার (২৬ নভেম্বর) সন্ধ্যায় দলের আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের সভাপতিত্বে মগবাজারস্থ দলীয় কার্যালয়ে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের বৈঠক অনুষ্ঠিত হয়। সেখানে বিদ্যমান পরিস্থিতিতে সরকারের সঙ্গে সংলাপ, স্থানীয় সরকার নির্বাচন প্রশ্নে নির্বাচন কমিশনের সঙ্গে মতবিনিময়, কিশোরগঞ্জ-৩ আসনের উপ-নির্বাচনে জামায়াতের অংশগ্রহণ এবং দেশে চলমান সামগ্রিক রাজনৈতিক পরিস্থিতি নিয়েও আলোচনা ও সিদ্ধান্ত নেয় দলটি। প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে এককভাবে নয়, ১১ দলীয় ঐক্যের শরিকদের নিয়ে সংলাপে বসতে চায় জামায়াতে ইসলামী। এ জন্য সচিবালয় বা প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিবর্তে নিরপেক্ষ কোনো স্থানে সংলাপ আয়োজনের শর্ত দিয়েছে দলটি। বৈঠকে দলটির নায়েবে আমির, সেক্রেটারি জেনারেল, সহকারী সেক্রেটারি জেনারেলসহ কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্যরা উপস্থিত ছিলেন।

জুলাই সনদ বাস্তবায়ন প্রধান শর্ত : প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক বা সংলাপ ৭ এর পাতায় দেখুন



চাঁদাবাজদের বিএনপির রাজনীতি করার অধিকার নেই

-আইনমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
চাঁদাবাজদের বিএনপির রাজনীতি করার অধিকার নেই বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) সকাল ১০টায় ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদ মিলনায়তনে জেলা পরিষদের আর্থিক সহায়তার চেক বিতরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। তিনি বলেন, বিএনপির নাম ভাঙিয়ে কেউ চাঁদাবাজি করলে তার রাজনীতি করার অধিকার নেই। ৭ এর পাতায় দেখুন

সোমবার থেকে কমতে পারে দিন ও রাতের তাপমাত্রা

স্টাফ রিপোর্টার :
আগামীকাল রোববার পর্যন্ত সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। এ সময় আকাশ আংশিক মেঘলা থাকলেও আবহাওয়া শুষ্ক থাকার সম্ভাবনা রয়েছে। তবে সোমবার থেকে তাপমাত্রা কমতে শুরু করতে পারে। পরবর্তী সময়ে দিন ও রাতের তাপমাত্রা আরও কমার পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। শুক্রবার (২৭ নভেম্বর) আবহাওয়া অধিদপ্তরের দেওয়া পূর্বাভাসে এসব তথ্য জানানো হয়েছে। পূর্বাভাসে বলা হয়, মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। আবহাওয়া অধিদপ্তর জানায়, শুক্রবার থেকে রোববার পর্যন্ত অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে ৭ এর পাতায় দেখুন

বিদেশি বিনিয়োগ আনলে মিলবে প্রণোদনা

স্টাফ রিপোর্টার :
দেশে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (এফডিআই) আকর্ষণে ভূমিকা রাখা বাংলাদেশি নাগরিক ও শতভাগ বাংলাদেশি মালিকানাধীন প্রতিষ্ঠানকে বিনিয়োগের এক দশমিক ২৫ শতাংশ হারে প্রণোদনা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ লক্ষ্যে 'প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (এফডিআই) প্রণোদনা স্কিম নীতিমালা, ২০২৬' জারি করা হয়েছে। নীতিমালার আওতায় বাংলাদেশ ব্যাংকের অনলাইন মনিটরিং সিস্টেমে চূড়ান্তভাবে নথিভুক্ত এফডিআইয়ের বিপরীতে এ প্রণোদনা দেওয়া হবে। তবে প্রণোদনা পাওয়ার জন্য ন্যূনতম ১০ লাখ মার্কিন ডলার বা সমপরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগ নিশ্চিত করতে হবে। ইনভেস্ট বাংলাদেশ আইন, ২০২৬-এর ২২ ধারার ক্ষমতাবলে সরকার এ নীতিমালা প্রণয়ন করেছে। গত ২৫ নভেম্বর প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে জারি করা এসআরও নম্বর ৪২২-আইন/২০২৬-এর মাধ্যমে নীতিমালাটি গেজেটে প্রকাশিত হয় এবং তা অবিলম্বে কার্যকর হয়েছে। নীতিমালা অনুযায়ী, প্রবাসী বাংলাদেশিসহ দেশের সব নাগরিক এবং শতভাগ বাংলাদেশি মালিকানাধীন নিবন্ধিত অংশীদারি প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানি এ প্রণোদনার জন্য আবেদন করতে পারবে। তবে এ সুবিধা শুধু নতুন ইক্যুইটি বিনিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে। বিদ্যমান শেয়ারহোল্ডারদের অতিরিক্ত শেয়ার কেনা কিংবা উৎপাদন সক্ষমতা বাড়ানোর জন্য করা বিনিয়োগের ক্ষেত্রে এ প্রণোদনা পাওয়া যাবে না। অবশ্য কোনো বিদ্যমান বিনিয়োগকারী নিজের বর্তমান ব্যবসার বাইরে সম্পূর্ণ নতুন খাতে অথবা ভিন্ন কোনো কোম্পানিতে বিনিয়োগ করলে তা প্রণোদনার জন্য বিবেচিত হবে। নীতিমালায় প্রণোদনা পাওয়ার

নীতিমালা জারি

জন্য বেশ কিছু শর্ত নির্ধারণ করা হয়েছে। বিনিয়োগ সম্পন্ন হওয়ার আগেই আবেদনকারীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পোর্টালে প্রাক-নিবন্ধন করতে হবে। নিবন্ধনের পর আবেদনকারীকে একটি স্বতন্ত্র 'লিড রেজিস্ট্রেশন আইডি' দেওয়া হবে। অন্যদিকে, এফডিআই এনক্যাশমেন্টের তারিখ থেকে ৩০ দিনের মধ্যে একই পোর্টালে চূড়ান্ত আবেদন জমা দিতে হবে। আবেদন মূল্যায়নে কমপক্ষে ৭০ শতাংশ নম্বর পেতে হবে। স্বচ্ছতা নিশ্চিত করতে আবেদনকারীর সঙ্গে বিদেশি বিনিয়োগকারী বা যৌথ বিনিয়োগ প্রতিষ্ঠানের কোনো ধরনের সম্পৃক্ততা থাকা যাবে না। এমনকি বিনিয়োগের আগের দুই বছরেও তাদের মধ্যে কোনো আনুষ্ঠানিক সম্পর্ক থাকা চলবে না। প্রণোদনার অর্থ দুই ধাপে বিতরণ করা হবে। আবেদন অনুমোদন এবং সংশ্লিষ্ট রেমিট্যান্স বা এফডিআই এনক্যাশমেন্ট নিশ্চিত হওয়ার পর মোট প্রণোদনার ৫০ শতাংশ দেওয়া হবে। অবশিষ্ট ৫০ শতাংশ এক বছর পর দেওয়া হবে। এ ক্ষেত্রে কারখানা স্থাপন, যন্ত্রপাতি আমদানি অথবা বাণিজ্যিক কার্যক্রম শুরুর অগ্রগতি এবং বিনিয়োগের ইক্যুইটি বহাল থাকার বিষয়টি যাচাই করা হবে। বিনিয়োগের অর্থের বৈধতা ও স্বচ্ছতা নিশ্চিত করতে আবেদন যাচাই-বাছাইয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের (বিএফআইইউ) সহায়তা নেওয়া হবে। পাশাপাশি যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি) এবং বাংলাদেশ ব্যাংকের তথ্যের সঙ্গে বিনিয়োগের হিসাব মিলিয়ে দেখা হবে। নগদ অর্থ কিংবা তৃতীয় পক্ষের মাধ্যমে আসা বিনিয়োগ এ সুবিধার আওতায় পড়বে না। বাংলাদেশ ব্যাংকের তত্ত্বাবধানে তৃতীয় পক্ষের নিরীক্ষার ব্যবস্থাও থাকবে। নীতিমালায় প্রণোদনা অনুমোদনের জন্য অর্থমন্ত্রীর নেতৃত্বে একটি জাতীয় পর্যালোচনা কমিটি গঠনের কথা বলা হয়েছে। এ কমিটি চূড়ান্ত অনুমোদন দেবে। অন্যদিকে, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধির নেতৃত্বে একটি কার্যনির্বাহী ৭ এর পাতায় দেখুন

ট্রেনে কাটা পড়ে ১১০ টুকরো যুবক

স্টাফ রিপোর্টার :
বগুড়ার আদমদীঘির সান্তাহারে ট্রেনে কাটা পড়ে লিটন ইসলাম (২৬) নামে এক যুবকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার সকাল ১০টার দিকে সান্তাহার ইউনিয়নের হেলালিয়া রেলস্টেশন থেকে তার মরদেহের খণ্ডিত অংশ উদ্ধার করেছে রেলওয়ে পুলিশ। প্রায় ১১০টি টুকরো অবস্থায় মরদেহটি উদ্ধার করা হয়। নিহত লিটন গাইবান্ধার সাঘাটা উপজেলা সদর এলাকার প্রয়াত মোজাম্মেল হক মোজামের ছেলে। পরিবারের আবেদনের পরিপ্রেক্ষিতে ময়নাতদন্ত ছাড়াই মরদেহটি স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে। পরিবার ও পুলিশ সূত্রে জানা গেছে, বিদেশ থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করে সম্প্রতি দেশে ফিরেছিলেন লিটন। দেশে ফেরার অল্প কিছুদিনের মধ্যেই বিয়েও করেন তিনি। শুক্রবার ঢাকা যাওয়ার উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয়ে ট্রেনে যাত্রা করেন। তবে ৭ এর পাতায় দেখুন



রূপপুরে পৌঁছাল ইউরেনিয়ামের আরও এক চালান

স্টাফ রিপোর্টার :
কঠোর নিরাপত্তায় ঢাকা থেকে পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে পৌঁছেছে ইউরেনিয়ামের আরও একটি নতুন চালান। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) ভোর ৫টা ৪০ মিনিটে ঈশ্বরদীতে অবস্থিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভিতরে প্রবেশ করে ইউরেনিয়ামবাহী গাড়িবহর। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার (২৬ নভেম্বর) দিবাগত রাতে ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের উদ্দেশ্যে রওনা দেয় ইউরেনিয়ামের গাড়িবহর। সেনাবাহিনী, এসআরবি, পুলিশসহ বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনীর কঠোর নিরাপত্তা ব্যবস্থায় সড়ক পথে রূপপুরে নেওয়া হয় পারমাণবিক জ্বালানি। ঢাকা থেকে রূপপুর পর্যন্ত ব্যাপক নিরাপত্তাব্যবস্থা নেয় সংশ্লিষ্ট জেলাগুলোর আইনশৃঙ্খলা বাহিনীর ৭ এর পাতায় দেখুন

দৈনিক
সকালবেলা
নতুন প্রজন্মের কাগজ
The Daily Sakalbela
শনিবার
২৮ নভেম্বর ২০২৬
প্রকাশনার ৩০ বছর

ঢাকাসহ ছয় জেলায় ১১৩ প্লাটুন বিজিবি মোতায়েন

স্টাফ রিপোর্টার :
আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, জননিরাপত্তা নিশ্চিত করা এবং যে-কোনো ধরনের সহিংসতা ও অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবেলায় রাজধানী ঢাকাসহ দেশের ছয় জেলায় ১১৩ প্লাটুন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) মোতায়েন করা হয়েছে। এর মধ্যে গোপালগঞ্জে ৫৬ প্লাটুন বিজিবি সদস্য মোতায়েন করা হয়েছে। এ ছাড়া আরও চার প্লাটুন মোতায়েনের জন্য প্রস্তুত রাখা হয়েছে। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) বিষয়টি নিশ্চিত করেছেন বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম। তিনি জানান, ঢাকার সাভার ও আশুলিয়ায় ১৮ প্লাটুন, ৭ এর পাতায় দেখুন

৮৬ হাজার মসজিদ-মন্দির-গির্জা-প্যাগোডায় দেওয়া হচ্ছে সম্মানী ভাতা

স্টাফ রিপোর্টার :
দেশের ৮৬ হাজার ৭০৯টি মসজিদ, মন্দির, গির্জা ও বৌদ্ধ বিহারে কর্মরত ২ লাখ ৫৬ হাজার ৭৪ জন ধর্মীয় নেতা ও সেবাকর্মীকে সম্মানী ভাতা দিচ্ছে সরকার। আগামী ২ ডিসেম্বর কুষ্টিয়া সদরে প্রধানমন্ত্রী তারেক রহমান এ কর্মসূচির দ্বিতীয় পর্যায়ের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন বলে আশা করা হচ্ছে। ২০২৬-২৭ অর্থবছরে এ কর্মসূচি বাস্তবায়নে ১ হাজার ১০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। আগামী চার অর্থবছরের মধ্যে দেশের সব ধর্মীয় প্রতিষ্ঠানকে এ কর্মসূচির আওতায় আনার পরিকল্পনা রয়েছে সরকারের। প্রধানমন্ত্রীর জনপ্রশাসনবিষয়ক উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা) ও বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য মো. ইসমাইল জবিউল্লাহ এ তথ্য জানিয়েছেন। তিনি বলেছেন, সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে ধর্মীয় নেতা ও সেবাকর্মীদের মাসিক সম্মানী ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। এর ৭ এর পাতায় দেখুন


প্রধানমন্ত্রী তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমান গতকাল রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ উপলক্ষে আয়োজিত রন্ধন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে কথা বলেন।

প্রাথমিকে মিড ডে মিল পাবে ১ কোটি ১০ লাখ শিশু : ডা. জুবাইদা

স্টাফ রিপোর্টার :
শিশুদের পুষ্টি নিশ্চিত করতে ২০২৭ সাল থেকে দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সরকার মিড ডে মিল চালু করবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমান। এ কর্মসূচির আওতায় ১ কোটি ১০ লাখ শিশু প্রতিদিন দুপুরের খাবার পাবে বলে জানান জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ডা. জুবাইদা রহমান। তিনি বলেন, শিশুদের পুষ্টির ঘাটতি পূরণ, বিদ্যালয়ে উপস্থিতি বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিক শিক্ষা অব্যাহত রাখতে স্কুল ফিডিং কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। গতকাল রাজধানীর আগারগাঁওয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় সংলগ্ন (পুরাতন বাণিজ্য মেলা প্রাঙ্গণ) মাঠে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ উপলক্ষে আয়োজিত ৭ এর পাতায় দেখুন

ডিসেম্বরে শিক্ষার্থীদের হাতে উঠছে নতুন পাঠ্যবই

স্টাফ রিপোর্টার :
বিনামূল্যের পাঠ্যবই বিতরণে এবার নিয়ম ভঙ্গ হচ্ছে। ১ জানুয়ারি নয়, ডিসেম্বরের ২৪ তারিখে শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হবে নতুন পাঠ্যবই। তবে এবারও ঘটা করে বই উৎসব হবে না। শিক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠান থেকেই পাঠ্যবই সংগ্রহ করবে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) জানিয়েছে, নভেম্বরের শেষ সপ্তাহের মধ্যে সারা দেশে মাধ্যমিক স্তরের ৯০ শতাংশের বেশি পাঠ্যবই পৌঁছে গেছে। পাশাপাশি প্রাথমিক স্তরের ৯৮ শতাংশের বেশি বইও পৌঁছে গেছে। ১১৭টি ছাপাখানার মধ্যে ৭১টি ইতোমধ্যে বই ছাপার কাজ শেষ করেছে। এ ছাড়া আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত সব ধরনের নোট ও গাইড বই ছাপা বন্ধ রাখা হয়েছে। ছাপাখানার মালিকরা জানান, প্রতিবছর শেষ সময়ে কাগজকলের সিন্ডিকেটের কারণে কাগজের দাম টনপ্রতি ১৫ থেকে ২০ হাজার টাকা পর্যন্ত বেড়ে যায়। এর ফলে শেষ মুহূর্তে নিম্নমানের কাগজ ব্যবহার করতে হয় এবং নির্ধারিত সময়ে ছাপার কাজ শেষ করা সম্ভব হয় না। তবে এ বছর শিক্ষামন্ত্রীর পদক্ষেপে বিদেশ থেকে কাগজ আমদানির সুযোগ তৈরি হওয়ায় কোনো সিন্ডিকেট গড়ে উঠতে পারেনি। ফলে নির্ধারিত সময়ের আগেই তুলনামূলক ভালো মানের বই ছাপা সম্ভব হয়েছে। টানা কয়েক বছর ধরে বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের হাতে পাঠ্যবই তুলে দেওয়ার প্রচলন থাকলেও সব বই একসঙ্গে দেওয়া সম্ভব হতো না। শিক্ষার্থীদের হাতে শতভাগ বই পৌঁছাতে মার্চ-এপ্রিল পর্যন্ত সময় লেগে যেত। তবে এবার আগাম দরপত্র আহ্বান এবং কার্যকর তদারকির (মনিটরিং) কারণে নির্ধারিত সময়ের মধ্যেই বই ছাপা সম্ভব হয়েছে। জানা গেছে, বিগত পাঁচ থেকে সাত বছরের তুলনায় এবারের বইয়ের মানও অনেক ভালো হয়েছে। এনসিটিবির ২৪ নভেম্বরের অগ্রগতি প্রতিবেদন অনুযায়ী, আগামী শিক্ষাবর্ষের প্রাক্-প্রাথমিক, প্রাথমিক, ইবতেদায়ি ও মাধ্যমিক স্তরের জন্য মোট ৩০ কোটি ৯২ লাখ ২৮ হাজার ৪৩৯ কপি পাঠ্যবই ছাপানো হচ্ছে। এর মধ্যে প্রাক্-প্রাথমিক স্তরের বই ছাপা, বাঁধাই ও সরবরাহের কাজ ৯৮ শতাংশ শেষ হয়েছে। এনসিটিবির তথ্য অনুযায়ী, প্রাক্-প্রাথমিক ও প্রাথমিকে ৯৮ দশমিক ৬৩ শতাংশ বই মুদ্রণ, ৯৮ দশমিক ৪৬ শতাংশ বাঁধাই এবং ৯৮ দশমিক ২৮ শতাংশের মান যাচাই বা প্রি-ডেলিভারি ইন্সপেকশন (পিডিআই) সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ে পৌঁছেছে প্রায় ৯৮ শতাংশ বই ৭ এর পাতায় দেখুন


মাধ্যমিক স্তরের ৯০ শতাংশের বেশি পাঠ্যবই পৌঁছে গেছে।

আইজিপিসহ ৮ জনকে আদালত অবমাননার নোটিশ

স্টাফ রিপোর্টার :
হাইকোর্টের নির্দেশের পরও ব্যক্তিমালিকানাধীন একটি গাড়ি ফেরত না দেওয়ার অভিযোগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব, পুলিশের মহাপরিদর্শক (আইজিপি), ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার ও গুলশান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ (ওসি) আটজনকে আদালত অবমাননার নোটিশ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার রিট আবেদনকারী শাহ কামাল রাসেলের পক্ষে বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের আইনজীবী এস. এম. জুলফিকার আলী জুনু এ নোটিশ দেন। শুক্রবার (২৭ নভেম্বর) রিটকারী আইনজীবী বিষয়টি নিশ্চিত করেছেন। নোটিশে গুলশান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবু জায়েদ মো. নাজমুন নূরকে বিশেষভাবে হাইকোর্টের আদেশ বাস্তবায়ন এবং গাড়িটি আটকে রাখার সুনির্দিষ্ট আইনগত ভিত্তি ২৪ ঘণ্টার মধ্যে লিখিতভাবে জানানোর দাবি জানানো হয়েছে। আইনি নোটিশে উল্লেখ করা হয়, গত ১৬ নভেম্বর বিকেলে শাহ কামাল রাসেলের মালিকানাধীন ২০২১ ৭ এর পাতায় দেখুন



বৈদেশিক কর্মসংস্থানে নতুন দৃষ্টান্ত স্থাপন হলো মাহদী আমিন

স্টাফ রিপোর্টার :
সম্পূর্ণ বিনা খরচে মালয়েশিয়ায় কর্মী প্রেরণ প্রধানমন্ত্রী তারেক রহমানের ঐতিহাসিক উদ্যোগ বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান উপদেষ্টা মাহদী আমিন। তিনি বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের হাত ধরে বাংলাদেশের বৈদেশিক কর্মসংস্থান ও জনশক্তি রফতানির নতুন দিগন্ত উন্মোচিত হয়েছিল; যা আজ দেশের অর্থনীতির অন্যতম প্রধান ভিত্তি। শুক্রবার (২৭ নভেম্বর) দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এসব কথা বলেন ৭ এর পাতায় দেখুন

কৃষি রূপান্তরে ১৪ হাজার কোটি টাকার প্রকল্পের পরিকল্পনা সরকারের

স্টাফ রিপোর্টার :
দেশের কৃষি খাতকে প্রচলিত উৎপাদন নির্ভর ব্যবস্থা থেকে উদ্যোক্তা ও বাজারমুখী ব্যবস্থায় রূপান্তর করতে ১৪ হাজার কোটি টাকার একটি প্রকল্প নেওয়ার পরিকল্পনা করছে সরকার। দেশে শস্য, প্রাণিসম্পদ, মৎস্য ও বনজ সম্পদ মিলিয়ে সামগ্রিক কৃষি খাতের অবদান জিডিপির প্রায় ১১ থেকে সাড়ে ১১ শতাংশ। দেশের মোট শ্রমশক্তির প্রায় ৪৫ শতাংশ এ খাতে নিয়োজিত। পাশাপাশি খাদ্যনিরাপত্তা ও গ্রামীণ জনগোষ্ঠীর জীবিকারও অন্যতম প্রধান ভিত্তি কৃষি খাত। প্রকল্প সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, কৃষি, প্রাণিসম্পদ ও মৎস্য খাতকে একটি অভিন্ন কাঠামোর আওতায় এনে উৎপাদনশীল অংশীদারিত্ব গড়ে তোলা, কৃষিসেবা ডিজিটালাইজ করা এবং খাদ্যনিরাপত্তা নিশ্চিত করাই এ প্রকল্পের মূল লক্ষ্য। 'বাংলাদেশ এগ্রি এন্টারপ্রেনারশিপ প্রজেক্ট' (বিএপি) শীর্ষক প্রকল্পটির প্রাথমিক পরিকল্পনা তৈরি করা হচ্ছে। এতে বিশ্বব্যাংকের কাছ থেকে ১০ কোটি মার্কিন ডলার অর্থায়নের প্রস্তাব রয়েছে। প্রকল্পটির প্রধান উদ্দেশ্য হলো কৃষক, কৃষিভিত্তিক উদ্যোক্তা ও সংশ্লিষ্ট অংশীজনদের মধ্যে কার্যকর সংযোগ স্থাপনের মাধ্যমে উৎপাদন ও বিপণনব্যবস্থা শক্তিশালী করা। এ লক্ষ্যে কৃষক ও কৃষি উদ্যোক্তাদের মধ্যে সংযোগ জোরদার, সরকারি কৃষিসেবা প্রদানে ডিজিটাল অবকাঠামো গড়ে তোলা এবং উৎপাদন থেকে বিপণন পর্যন্ত কৃষিপণ্যের উৎস ও সরবরাহব্যবস্থা শনাক্তকরণ (ট্রেসেবিলিটি) নিশ্চিত করার পরিকল্পনা রয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,



প্রাণিসম্পদ অধিদপ্তর ও মৎস্য অধিদপ্তর যুক্ত থাকবে। এর মধ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে প্রধান বাস্তবায়নকারী সংস্থা হিসেবে বিবেচনা করা হচ্ছে। প্রকল্পের প্রধান ফোকাল পয়েন্ট সাখাওয়াত হোসেন শরীফ বলেন, প্রকল্পের অর্থায়ন, ব্যয়ের খাত ও সুনির্দিষ্ট কার্যক্রম এখনো চূড়ান্ত হয়নি। বিশ্বব্যাংক ও সরকারের মধ্যে আলোচনা ও সমঝোতার ভিত্তিতে প্রকল্পের আকার ও কর্মপরিকল্পনায় পরিবর্তন আসতে পারে। বর্তমানে প্রকল্পটির একটি কারিগরি নোট তৈরির কাজ চলছে বলে জানান তিনি। কৃষি মন্ত্রণালয় জানিয়েছে, প্রস্তাবিত এ উদ্যোগটি বিশ্বব্যাংকের সহায়তায় ২০২৩ সালের জুলাইয়ে শুরু হওয়া 'প্রোগ্রাম অন এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন' (পার্টনার) কর্মসূচির ধারাবাহিকতা। বিদ্যমান কর্মসূচির অভিজ্ঞতার ভিত্তিতে নতুন প্রকল্পের মাধ্যমে কৃষিকে আরও উৎপাদনশীল, বাজারমুখী ও জলবায়ু-সহনশীল করে গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তা জানিয়েছেন, প্রকল্পটির প্রথম পর্যায়ে চারটি প্রধান উপাদান রাখার পরিকল্পনা রয়েছে। মাঠপর্যায়ের চাহিদা, সরকারের অগ্রাধিকার এবং নির্বাচনী ইশতেহারে উল্লিখিত প্রতিশ্রুতির ভিত্তিতে এসব উপাদান চূড়ান্ত করা হবে। এ লক্ষ্যে একটি প্রস্তুতিমূলক দলও গঠন করা হয়েছে। প্রথম উপাদানের নাম 'উৎপাদনশীল অংশীদারিত্ব' (প্রোডাক্টিভ পার্টনারশিপস)। এটি বাস্তবায়নে ২২ কোটি ৫০ লাখ মার্কিন ডলার ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। এর আওতায় কৃষক, কৃষিভিত্তিক উদ্যোক্তা ৭ এর পাতায় দেখুন

মালয়েশিয়ায় পৌঁছেছেন বিনা খরচে যাওয়া ১০৩ কর্মী

স্টাফ রিপোর্টার :
প্রায় আড়াই বছর বিরতির পর মালয়েশিয়ার শ্রমবাজারে আবারও বাংলাদেশি কর্মী নিয়োগ কার্যক্রম শুরু হয়েছে। বোয়েসেলের মাধ্যমে স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়ায় নির্বাচিত ১১২ জন কর্মীর মধ্যে ১০৩ জন বৃহস্পতিবার (২৭ নভেম্বর) মালয়েশিয়ায় পৌঁছেছেন। কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দরে তাদের স্বাগত জানান বাংলাদেশের হাইকমিশনার মনজুরুল করিম খান চৌধুরীসহ হাইকমিশন ও নিয়োগকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিরা। এ সময় হাই কমিশনার কর্মীগণকে অভিনন্দন জানান এবং মালয়েশিয়ায় তাদের সাফল্য কামনা করেন। তিনি তাদেরকে মনোযোগ সহকারে কাজ করার পাশাপাশি মালয়েশিয়ার আইন কানুন ও রীতি নীতি মেনে চলার পরামর্শ দেন। এর আগে, ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রধানমন্ত্রী তারেক রহমান কর্মীদের বিদায় জানান ৭ এর পাতায় দেখুন



কর্মী পাঠানোয় অনিয়ম হলে রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা

স্টাফ রিপোর্টার :
শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী বলেছেন, মালয়েশিয়াসহ বিভিন্ন দেশে কর্মী পাঠানোর ক্ষেত্রে 'আনফিট' কর্মীকে 'ফিট' দেখিয়ে পাঠানোর প্রমাণ মিললে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে ব্যবস্থা নেবে সরকার। এক্ষেত্রে এজেন্সির লাইসেন্সও বাতিল হতে পারে বলে জানান তিনি। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) রাজধানীর মিরপুরে পুলিশ কনভেনশন সেন্টারে 'জালালাবাদ অ্যাসোসিয়েশন'-এর ২০২৬-২৭ মেয়াদের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির অভিষেক অনুষ্ঠানের উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী জালালাবাদ অ্যাসোসিয়েশনের নবনির্বাচিত কমিটির প্রতি প্রত্যাশা ব্যক্ত করে প্রবাসী কল্যাণ ও কর্মসংস্থানে সরকারের বিভিন্ন পদক্ষেপ তুলে ধরেন। তিনি জানান, ৭ এর পাতায় দেখুন



জাতীয় ঐক্যের পথে সরকারই বড় বাধা

-গোলাম পরওয়ার

স্টাফ রিপোর্টার :
জুলাই সনদ বাস্তবায়ন না করায় প্রধানমন্ত্রী ও সরকারই জাতীয় ঐক্যের পথে সবচেয়ে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেছেন, গণভোটের রায় মেনে নিলেই ফ্যাসিস্টবিরোধী শ্রমিকজনতার 'ইস্পাতকঠিন জাতীয় ঐক্য' গড়ে উঠবে। চট্টগ্রাম বন্দর শহিদ প্রকৌশলী শামসুজ্জামান স্টেডিয়ামে শুক্রবার বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন, চট্টগ্রাম মহানগরীর ৭ এর পাতায় দেখুন

মশার কামড়ে প্রাণঘাতী ভাইরাস যুক্তরাষ্ট্রে ৪৫ জনের মৃত্যু

আন্তর্জাতিক ডেস্ক ■
মশার কামড়ে ছড়ানো ওয়েস্ট নাইল ভাইরাসে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় এ বছর ৪৫ জনের মৃত্যু হয়েছে। আক্রান্ত হয়েছেন ৬১৭ জন। এক দশকের বেশি সময়ের মধ্যে রাজ্যটিতে ভাইরাসটির সংক্রমণ সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। গত বৃহস্পতিবার (২৬ নভেম্বর) প্রকাশিত এএফপির এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, ২০২৬ সালে ক্যালিফোর্নিয়ায় ওয়েস্ট নাইল ভাইরাসে ৪৫ জনের মৃত্যু হয়েছে। আক্রান্ত হয়েছেন ৬১৭ জন। এ বছর ভাইরাসটিতে মৃত্যুর সংখ্যা ক্যালিফোর্নিয়ায় রেকর্ডে দ্বিতীয় সর্বোচ্চ। এক দশকের বেশি সময়ের মধ্যে রাজ্যটিতে এমন সংক্রমণ দেখা যায়নি। সম্প্রতি অস্বাভাবিক গরম ও আর্দ্র আবহাওয়ার কারণে মশার বংশবিস্তারের অনুকূল পরিবেশ তৈরি হয়েছে। ওয়েস্ট নাইল ভাইরাসে আক্রান্ত হয়ে গুরুতর অসুস্থ হয়েছেন ক্যালিফোর্নিয়ার এক বাসিন্দা। তার নাম মান্ডি বাড। মশার কামড়ে ভাইরাসে আক্রান্ত হওয়ার পর গত দুই মাস ধরে তিনি পা নাড়াতে পারছেন না। বর্তমানে হাসপাতালে তার শারীরিক চিকিৎসা চলছে। ধীরে ধীরে সুস্থ হয়ে আবার দাঁড়ানোর চেষ্টা করছেন তিনি। গত সেপ্টেম্বরে মান্ডি বাডের



কোমরে ব্যথা শুরু হয়। প্রথমে তিনি ভেবেছিলেন, এটি স্নায়ুর সমস্যাজনিত ব্যথা। তবে পরে পা শরীরের ভার নিতে না পারায় তিনি পড়ে যান। এরপর তাকে লস অ্যাঞ্জেলেসের কাছে বারব্যাঙ্কের একটি হাসপাতালে নেওয়া হয়। সেখানে তার জ্বর ১০৩ ডিগ্রি ফারেনহাইট (৩৯ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস) পর্যন্ত ওঠে। এ সময় তাকে বাঁচাতে আপ্রাণ চেষ্টা করেন চিকিৎসকেরা। মান্ডি বাড বলেন, ওয়েস্ট নাইল ভাইরাসে আক্রান্ত হয়ে তারও মৃত্যু হতে পারত। এ কথা ভেবে তিনি এখনো আতঙ্কিত বোধ করেন। ওয়েস্ট নাইল ভাইরাস প্রথম শনাক্ত হয় উগান্ডায়। ১৯৯৯ সালে যুক্তরাষ্ট্রে এর সংক্রমণ দেখা দেয়। ভাইরাসে আক্রান্ত পাখিকে কামড়ানোর পর মশা এটি বহন করে। পরে, সেই মশার কামড়ে মানুষের শরীরে ভাইরাসটি ছড়ায়। আক্রান্ত ব্যক্তিদের বেশির ভাগের শরীরে কোনো উপসর্গ দেখা যায় না। কারও কারও হালকা জ্বর বা ফ্লুর মতো লক্ষণ দেখা দিতে পারে। তবে, প্রায় ১ শতাংশ ক্ষেত্রে ভাইরাসটি মস্তিষ্কে সংক্রমণ ঘটাতে পারে। এতে স্মৃতিশক্তি ও চিন্তাশক্তির সমস্যা দেখা দেওয়ার পাশাপাশি শরীরের কোনো অংশ পক্ষাঘাতে আক্রান্ত হতে পারে। গুরুতর ক্ষেত্রে ৭ এর পাতায় দেখুন



অর্থনৈতিক সহযোগিতা জোরদারে একমত বাংলাদেশ-জার্মানি

স্টাফ রিপোর্টার :
অর্থনৈতিক সহযোগিতা জোরদার, বাণিজ্য সম্প্রসারণ ও নতুন বিনিয়োগের ক্ষেত্র অনুসন্ধানে একসঙ্গে কাজ করতে সম্মত হয়েছে বাংলাদেশ ও জার্মানি। জার্মানির বার্লিনে দেশটির পার্লামেন্ট বুন্ডেস্টাগের উন্নয়ন কমিটির সদস্য নিকোলাস জিপেলিয়াসের সঙ্গে বৈঠকে এসব বিষয়ে আলোচনা করেন বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয় এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। বৈঠকে জ্বালানি নিরাপত্তা, দক্ষ জনশক্তির অভিবাসন, মানবসম্পদ ও সামাজিক উন্নয়ন, শিক্ষা ও কারিগরি প্রশিক্ষণ, ৭ এর পাতায় দেখুন

রাজধানীর আবাসিক হোটেলে ৩ জনকে ছুরিকাঘাত, ব্যবস্থাপক নিহত

স্টাফ রিপোর্টার :
রাজধানীর পুরান ঢাকার টিকাটুলির হোটেল ওসমানী ইন্টারন্যাশনালে ঢুকে কর্মকর্তা-কর্মচারীদের এলোপাতাড়ি ছুরিকাঘাত করা হয়েছে। এ ঘটনায় হোটেলটির ব্যবস্থাপক নাঈমুর রহমান (২৩) নিহত হয়েছেন। নাঈমুরকে বাঁচাতে গিয়ে গুরুতর আহত হয়েছেন হোটেলের মহাব্যবস্থাপক আবদুর রাজ্জাক (৫০) এবং কর্মী মো. হাসান (২৬) আহত হয়েছেন। তাদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বৃহস্পতিবার গভীর রাতে এই ছুরিকাঘাতের ঘটনা ঘটে। পুলিশের ওয়ারী বিভাগের উপকমিশনার মল্লিক আহসান উদ্দিন সামী গণমাধ্যমকে এ তথ্যের সত্যতা নিশ্চিত করেন। পুলিশ বলছে, আবাসিক হোটেলটির সামনে মুরগির দোকান আছে। এই দোকান থেকে একটি মুরগি গত রাতে হোটেলে ঢুকে পড়ে। এ নিয়ে হোটেলকর্মীদের সঙ্গে মুরগির ৭ এর পাতায় দেখুন



৩১ দিন পর নিয়ন্ত্রণে ইনানীর গ্যাসকূপের আগুন

স্টাফ রিপোর্টার :
টানা ৩১ দিন জ্বলতে থাকার পর অবশেষে নিয়ন্ত্রণে এসেছে কক্সবাজারের উখিয়ার ইনানী এলাকার গ্যাসকূপের আগুন। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) সকাল ১০টার দিকে বিশেষ পদ্ধতিতে ৩০ ইঞ্চি কেসিং স্থাপন করে গ্যাসের প্রবাহ অন্যদিকে সরিয়ে আগুন নেভাতে সক্ষম হয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন অ্যান্ড প্রোডাকশন কোম্পানি (বাপেক্স)। তবে আগুন নিভলেও কূপটি এখনো পুরোপুরি নিরাপদ নয়। ভূগর্ভস্থ গ্যাসের চাপ নিয়ন্ত্রণ এবং কূপের মুখ স্থায়ীভাবে বন্ধ করতে আরও কিছু কাজ করতে হবে। এরপর ওই এলাকায় নতুন করে গ্যাস অনুসন্ধানের পরিকল্পনা রয়েছে বাপেক্সের। বাপেক্সের কর্মকর্তারা জানান, কূপের সঙ্গে বিশেষ ডাইভার্ট লাইন স্থাপন করে গ্যাসের প্রবাহ অন্যদিকে সরিয়ে নেওয়া হয়। এতে কূপের মুখে গ্যাসের চাপ কমে আসে। একপর্যায়ে আগুন নিভে যায়। বাপেক্সের বিভাগীয় প্রধান শ্যামল ৭ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে মৃত্যু নেই, হাসপাতালে ভর্তি নতুন রোগী ৬১৯

স্টাফ রিপোর্টার :
গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে কারও মৃত্যু হয়নি। একই সময়ে সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে নতুন রোগী ভর্তি হয়েছেন ৬১৯। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গু বিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর মধ্যে ঢাকা বিভাগে ১৯৭ জন, ময়মনসিংহ বিভাগে ৪৩ জন, চট্টগ্রাম বিভাগে ১২৪ জন, খুলনা বিভাগে ১০৬ জন, রাজশাহী বিভাগে ৪৩, রংপুর বিভাগে ২৮ জন, বরিশাল বিভাগে ৭০ জন, সিলেট বিভাগে আটজন রয়েছেন। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে কারও মৃত্যু হয়নি। চলতি বছরে এযাবৎ ডেঙ্গুতে সারাদেশে মোট ৫২৭ জনের মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে ৬১৯ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। চলতি বছরের ২৭ নভেম্বর পর্যন্ত সারা দেশে মোট এক ৭ এর পাতায় দেখুন

কেরানীগঞ্জে হচ্ছে সেকেন্ডারি সিটি

স্টাফ রিপোর্টার :
রাজধানী ঢাকার জনসংখ্যা ও আবাসনের চাপ কমাতে কেরানীগঞ্জে তিন হাজার একর জমিতে পরিকল্পিত সেকেন্ডারি সিটি গড়ে তোলার উদ্যোগ নিয়েছে সরকার। রাজধানীর কাছেই নাগরিক সুবিধাসম্পন্ন নতুন জনবসতি গড়ে তোলার মাধ্যমে ঢাকার মূল নগর এলাকার বাইরে বসবাসের বিকল্প সুযোগ তৈরি করাই এ প্রকল্পের লক্ষ্য। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (জাগৃক) সূত্রে জানা গেছে, প্রস্তাবিত ঢাকা ওয়েস্টার্ন বাইপাসসংলগ্ন কেরানীগঞ্জের কলাতিয়া ও তারানগরসহ আশপাশের এলাকায় প্রকল্পের স্থান চিহ্নিত করা হয়েছে। প্রকল্পটি এখন পরিকল্পনা ও সম্ভাব্যতা যাচাইয়ের পর্যায়ে রয়েছে। জমির পরিমাণ, আবাসনের সংখ্যা, নির্মাণব্যয় ও বাস্তবায়নের সময়সীমা এখনো চূড়ান্ত হয়নি। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সচিব মনদীপ ঘরাই বলেন, প্রস্তাবিত এলাকাটি ঢাকার বসিলা সেতু থেকে প্রায় আড়াই কিলোমিটার পশ্চিমে এবং ঢাকা-আরিচা মহাসড়ক থেকে প্রায় ছয় কিলোমিটার দক্ষিণে। রাজধানীর সঙ্গে নতুন শহরের যোগাযোগব্যবস্থাকে পরিকল্পনায় বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। তিনি জানান, ঢাকা ওয়েস্টার্ন বাইপাসের সঙ্গে সামঞ্জস্য রেখে সাভারের আমিনবাজার ও ঢাকার বসিলার দিকে দুটি প্রধান প্রবেশসড়ক রাখার প্রস্তাব রয়েছে। আবাসন ও যোগাযোগব্যবস্থাকে সমন্বিতভাবে গড়ে তুলে এলাকাটিকে রাজধানীর বিকল্প বসতির উপযোগী করার লক্ষ্য রয়েছে সরকারের। সম্ভাব্যতা যাচাই ও মহাপরিকল্পনার মাধ্যমে প্রকল্পের বিস্তারিত নির্ধারণ করা হবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান মোসা. ফেরদৌসী বেগম বলেন, রাজধানীর আবাসনের চাপ কমাতে আশপাশে নাগরিক সুবিধাসম্পন্ন পরিকল্পিত জনবসতি গড়ে তোলার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে। পাশাপাশি নিম্ন আয়ের মানুষ যাতে সাশ্রয়ী



ভাড়ায় উন্নত পরিবেশে থাকতে পারেন, সে লক্ষ্যেও আবাসন প্রকল্পের পরিকল্পনা রয়েছে। তিনি আরও বলেন, সেকেন্ডারি সিটির পাশাপা

গণতন্ত্র স্থায়ী করতে শক্তিশালী

না পারা। তিনি বলেন, 'গণতন্ত্রকে স্থায়িত্ব দিতে হলে, চিরস্থায়ী করতে হলে প্রাতিষ্ঠানিক ভিত্তি দিতে হবে। ৯০-এর স্বৈরাচারবিরোধী আন্দোলনে শহীদ ডা. শামসুল আলম খান মিলনের স্মৃতিস্তম্ভে গতকাল শ্রদ্ধা নিবেদন শেষে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের শহীদ মিলন চত্বরে ডক্টর অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) এ আলোচনা সভার আয়োজন করে। এতে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য আমানউল্লাহ আমান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডা. ফরহাদ হালিম ডোনার। রিজভী বলেন, শহীদ ডা. মিলনের আত্মত্যাগের মধ্য দিয়ে যে চেতনা তৈরি হয়েছে, সেই চেতনার ওপর ভর করে পরবর্তী সময়ে বিভিন্ন সংগ্রামে মানুষ উদ্দীপ্ত হয়েছে। অনুষ্ঠানে শহীদ মিলনের মা উপস্থিত থাকায় তার প্রতি শ্রদ্ধা জানিয়ে রিজভী বলেন, তার মায়ের আকুতি সবাইকে অনুভব করতে হবে। তিনি একজন অসাধারণ নারী। তার উপস্থিতি ও বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ গণতান্ত্রিক চেতনা এবং সহনশীলতার একটি দৃষ্টান্ত। তিনি বলেন, সমাজ ও রাষ্ট্রে গণতান্ত্রিক চেতনা ও বোধ থাকা উচিত। মানুষের মধ্যে ভিন্নমত থাকতে পারে, কিন্তু একই সমাজ ও রাষ্ট্রে বসবাস করার কারণে সবার মতামত সহ্য করার মানসিকতা থাকতে হবে।

মানসম্মত চিকিৎসাসেবা নিশ্চিত

কাজ করছে সরকার। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) বেলা সাড়ে ১১টায় হাসপাতাল প্রাঙ্গণে প্রতিষ্ঠানটির শতবর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত 'সেন্টেনারি জুবিলি সেলিব্রেশন-২০২৬' অনুষ্ঠানের উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মিজানুর রহমান মিনু বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকার দেশের স্বাস্থ্যব্যবস্থার উন্নয়ন ও জনগণের জন্য মানসম্মত চিকিৎসাসেবা নিশ্চিত করতে কাজ করছে। এ লক্ষ্যে স্বাস্থ্য খাতে সর্বোচ্চ বাজেট বরাদ্দ দেওয়া হয়েছে। আমি আশাবাদী, এই হাসপাতাল শুধু বাংলাদেশ নয়, উপমহাদেশের অন্যতম একটি আধুনিক ও মানসম্মত স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে পরিণত হবে। মানবসেবার মহান ব্রত নিয়ে খ্রিস্টিয়ান মিশন হাসপাতাল দীর্ঘদিন ধরে উত্তরাঞ্চলের মানুষকে স্বাস্থ্যসেবা দিয়ে আসছে উল্লেখ করে ভূমিমন্ত্রী বলেন, সুনাম ও আস্থার সঙ্গে প্রতিষ্ঠানটি চিকিৎসাসেবা কার্যক্রম পরিচালনা করছে। শতবর্ষের এ গৌরবময় পথচলা নিঃসন্দেহে প্রশংসনীয়। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে রাজশাহী সিটি করপোরেশনের (রাসিক) প্রশাসক মাহফুজুর রহমান রিটন বলেন, শত বছর ধরে খ্রিস্টিয়ান মিশন হাসপাতাল রাজশাহীসহ উত্তরাঞ্চলের মানুষের স্বাস্থ্যসেবায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। স্বাস্থ্যসেবা মানুষের অন্যতম মৌলিক অধিকার।

যুক্তরাজ্যে এক্সিলেন্স অ্যাওয়ার্ড

নেওয়ার ক্ষেত্রে ভূমিকার স্বীকৃতি হিসেবে তাকে এ পুরস্কার দেওয়া হয়েছে বলে জানিয়েছে যুক্তরাজ্যের বাংলাদেশ হাইকমিশন। গতকাল শুক্রবার (২৭ নভেম্বর) লন্ডনের ঐতিহাসিক ন্যাশনাল লিবারেল ক্লাবে আয়োজিত এক অনুষ্ঠানে তার হাতে পুরস্কার তুলে দেন ব্রিটিশ পার্লামেন্টের উচ্চকক্ষ হাউস অব লর্ডসের সদস্য প্রফেসর দ্য লর্ড সিং অব সলিহুল। অনুষ্ঠানে হাউস অব লর্ডসের সদস্য, বিভিন্ন দেশের কূটনীতিক, কূটনৈতিক কোরের প্রতিনিধি এবং আন্তর্জাতিক ব্যবসায়ী নেতারা উপস্থিত ছিলেন। পুরস্কার গ্রহণের পর দেওয়া বক্তব্যে হাইকমিশনার মুহাম্মদ আবদুল মুহিত নিয়মভিত্তিক আন্তর্জাতিক ব্যবস্থার প্রতি তার অটল আস্থার কথা পুনর্ব্যক্ত করেন। তিনি বলেন, কূটনীতিকে সাধারণ মানুষের জন্য অর্থবহ করে তুলতে হবে। এ সময় বাংলাদেশের তরুণ ও সৃজনশীল জনশক্তির সম্ভাবনা তুলে ধরে দেশটিতে বিনিয়োগের জন্য বিশ্বের ব্যবসায়ী নেতাদের প্রতি আহ্বান জানান তিনি।

পরোক্ষ কর্মসংস্থান হবে

মানের শিল্প-বাণিজ্য কেন্দ্রে পরিণত করতে একগুচ্ছ প্রকল্প বাস্তবায়ন করা হবে। এর মধ্যে রয়েছে মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দর ও সংযোগ সড়ক নির্মাণ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেডের (সিপিজিসিবিএল) বিদ্যুৎকেন্দ্রের তৃতীয় ও চতুর্থ ইউনিট নির্মাণ, সৌরবিদ্যুৎকেন্দ্র স্থাপন, তৃতীয় ভাসমান এলএনজি টার্মিনাল এবং স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল নির্মাণ। এ ছাড়া এলপিজি স্টোরেজ ও টার্মিনাল নির্মাণ, ধলঘাটা অর্থনৈতিক অঞ্চলের অবকাঠামো উন্নয়ন, ফিশারিজ হারবার ও মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষের (মিডা) কার্যালয় নির্মাণ এবং ২০২৬ সালের ডিসেম্বরের মধ্যে সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) চালু করার বিষয়টি অগ্রাধিকার পেয়েছে। সভায় মিডার সদস্য (প্রশাসন ও অর্থ) মো. সারোয়ার আলম একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে মহাপরিকল্পনার প্রেক্ষাপট, লক্ষ্য ও বাস্তবায়ন রূপরেখা তুলে ধরেন। তিনি জানান, স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনায় এসব প্রকল্প বাস্তবায়ন করা হবে। এর মাধ্যমে প্রায় ৫ বিলিয়ন ডলারের প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগসহ মোট ৬০ থেকে ৬৫ বিলিয়ন ডলারের বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করার লক্ষ্য রয়েছে। এ জন্য 'মিডটার্ম সার্ভে অ্যান্ড ইকোনমিক অ্যাসেসমেন্ট' শীর্ষক সমীক্ষা প্রতিবেদন তৈরি করা হবে।

শিশু-কিশোরদের পারস্পরিক সম্পর্ক

শেষে মসজিদ প্রাঙ্গণে উপস্থিত শিশু-কিশোরদের সঙ্গে সময় কাটান প্রধানমন্ত্রী। এ সময় তাদের হাতে ব্যাডমিন্টন খেলার সামগ্রী তুলে দেন। শিশুদের সঙ্গে কথা বলার একপর্যায়ে সবাই খেলাধুলার সুযোগ পাচ্ছে কিনা, কেউ বাদ পড়ছে কিনা, তা জানতে চান তিনি। পাশাপাশি নিজেদের মধ্যে খেলার সামগ্রী ভাগাভাগি করে খেলার পরামর্শ দেন প্রধানমন্ত্রী। একজনের খেলার সামগ্রী অন্যরাও যেন ব্যবহার করতে পারে, সে বিষয়ে শিশুদের উৎসাহিত করেন। এর মাধ্যমে শিশু-কিশোরদের মধ্যে পারস্পরিক সম্পর্ক, সহযোগিতা এবং নিজেদের আনন্দ ও সামগ্রী ভাগাভাগি করে নেওয়ার মানসিকতা গড়ে তোলার বার্তা দেন প্রধানমন্ত্রী।

'পতিত স্বৈরাচার' আর ফিরতে

উসকানি দিয়ে অগ্নিসন্ত্রাস ও অস্থিরতা সৃষ্টির চেষ্টা করছে। যার মাধ্যমে নাগরিক জীবন বিপর্যস্ত, বিপন্ন হতে পারে। কিন্তু আপনারা, আমরা আইনানুগ পন্থায়, শান্তিপূর্ণভাবে, অত্যন্ত ধৈর্যশীলতার সঙ্গে সেই পরিস্থিতি মোকাবিলা করব ইনশাআল্লাহ। তিনি বলেন, যারা থানা জ্বালিয়ে দিয়েছে, হাসপাতাল জ্বালিয়ে দিয়েছে, সংসদ সদস্যদের বাড়িঘর জ্বালিয়ে দিয়েছে, দোকানপাট জ্বালিয়ে দিয়েছে, তাদের আমরা চিহ্নিত করেছি। তাদের উসকানি সীমান্তের ওপার থেকে প্রতিনিয়ত অডিও-ভিডিওর মাধ্যমে আসছে। তারা বলছে, আগুন লাগিয়ে দিতে। তাদের এখানে লুকায়িত যেসব নেতাকর্মী আছেন, তাদেরকে তারা ইন্ধন জোগাচ্ছেন, উসকাচ্ছেন, আগুন লাগানোর জন্য নির্দেশ দিচ্ছেন। বাংলাদেশের মাটিতে তাদের অগ্নিসন্ত্রাস আর কখনো সফল হতে দেওয়া হবে না। গার্মেন্টস এলাকার অস্থিরতা প্রসঙ্গে সালাহউদ্দিন আহমদ বলেন, গাজীপুর, নারায়ণগঞ্জ, সাভার, কালিয়াকৈর ও আশুলিয়াসহ বিভিন্ন শিল্পাঞ্চলে উসকানি দিয়ে শ্রমিকদের ব্যবহার করার চেষ্টা করা হয়েছিল। ইতিমধ্যে মজুরি বোর্ডের মাধ্যমে শ্রমিকদের ন্যায্য ও ন্যূনতম মজুরি ঘোষণা করা হয়েছে এবং তারা শান্তিপূর্ণভাবে দাবি আদায় করেছেন। কিন্তু এখনো কিছু দুষ্কৃতকারীরা শ্রমিক ভাইদের নাম ব্যবহার করে শিল্পাঞ্চলে অস্থিরতা সৃষ্টি করছে। তারা কারা? তারা ওরাই, যারা সারা বাংলাদেশে নৈরাজ্য সৃষ্টি করতে চায়। গণতন্ত্র রক্ষায় জাতীয় ঐক্যের আহ্বান জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমাদের মধ্যে বিভিন্ন রাজনৈতিক দল ও আদর্শ থাকবে, সংসদে তর্ক-বিতর্ক হবে। কিন্তু গণতন্ত্র, স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার প্রশ্নে ফ্যাসিবাদবিরোধী যেভাবে ঐক্য সৃষ্টি হয়েছিল, সেরকম ঐক্য আবার আমরা গড়ে তুলব।

ডিসেম্বরে চার উপজেলায় ফ্যামিলি

প্রতিটির সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অন্যান্য উপজেলা যুক্ত থাকবে। কুষ্টিয়া সদরের সঙ্গে ৬৭টি, গাইবান্ধার গোবিন্দগঞ্জের সঙ্গে ৬৪টি, সুনামগঞ্জ সদরের সঙ্গে ৬৭টি এবং পাবনা সদরের সঙ্গে ৬৬টি উপজেলা যুক্ত হবে। সব মিলিয়ে ২৬৪ উপজেলায় একই কর্মসূচির আওতায় ফ্যামিলি কার্ড বিতরণ করা হবে। চিঠিতে সংশ্লিষ্ট ২৬৪ উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তাদের ফ্যামিলি কার্ড বিতরণ অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ, যাচাই-বাছাই এবং অনুষ্ঠান আয়োজনে সার্বিক সহায়তা দেওয়ার অনুরোধ জানানো হয়েছে।

ঘরে-বাইরে বহুমুখী চ্যালেঞ্জে

যোগাযোগ রাখা এবং তাদের কাছে পুলিশের অভ্যন্তরীণ তথ্য সরবরাহের অভিযোগ আনা হয়েছে। পুলিশের দায়িত্বশীল একাধিক সূত্র জানায়, বাহিনীর কোনো কর্মকর্তা বা সদস্য যাতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীদের সঙ্গে গোপন যোগাযোগ রাখতে না পারেন, সে বিষয়ে 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করা হচ্ছে। এ ধরনের যোগাযোগের প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ফৌজদারি মামলা ও বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে। বর্তমানে পুলিশের অভ্যন্তরীণ নজরদারির পাশাপাশি বিভিন্ন গোয়েন্দা সংস্থাও কর্মকর্তাদের গতিবিধি ও যোগাযোগ পর্যবেক্ষণ করছে। বিশেষ করে গোপালগঞ্জের বাসিন্দা পুলিশ কর্মকর্তাদের ওপর নজরদারি করা হচ্ছে কয়েকটি স্তরে। সাম্প্রতিক নাশকতায় দুই পুলিশ কর্মকর্তার সংশ্লিষ্টতার অভিযোগ সামনে আসার পর সরকার এ বিষয়ে সতর্ক অবস্থান নিয়েছে।

বুধবার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, পুলিশসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কিছু কর্মকর্তা 'ফ্যাসিস্ট শক্তির' সঙ্গে যুক্ত আছেন। সরকার তাদের কঠোর নজরদারিতে রেখেছে। কয়েকজনের বিরুদ্ধে ব্যবস্থাও নেওয়া হচ্ছে। ভারতে অবস্থানরত ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশে ফেরার ঘোষণা এবং কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মসূচি ঘিরে নাশকতার আশঙ্কায় সারাদেশে নিরাপত্তা জোরদার করেছে পুলিশ। সীমান্তে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) নজরদারিও বাড়ানো হয়েছে। সীমান্তবর্তী জেলাগুলোর পুলিশকে সতর্ক অবস্থানে রাখা হয়েছে। পুলিশের জন্য আরেকটি বড় উদ্বেগের বিষয় হয়ে উঠেছে বাহিনীর অভ্যন্তরীণ তথ্য ফাঁসের অভিযোগ। কোনো কোনো সদস্যের মাধ্যমে গুরুত্বপূর্ণ তথ্য বাইরে চলে গেলে অপরাধী ও নাশকতাকারীরা আগাম সতর্ক হওয়ার সুযোগ পেতে পারে। এতে অভিযান পরিচালনা, অপরাধী শনাক্তকরণ এবং গোয়েন্দা কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা করছেন পুলিশের কর্মকর্তারা। পুলিশ সদর দপ্তরের মুখপাত্র ও সহকারী পুলিশ মহাপরিদর্শক (এআইজি) কামারুম মুনিরা গতকাল বলেন, পুলিশের অভ্যন্তরীণ শৃঙ্খলা ও পেশাগত স্বচ্ছতা নিশ্চিত করতে কঠোর নজরদারি অব্যাহত রয়েছে।

হামে আরও ৭ জনের

মোট মৃতের সংখ্যা বেড়ে হয়েছে এক হাজার ৩৭৮ জন। এর মধ্যে নিশ্চিত হামে ১০৬ জন ও হামের উপসর্গ নিয়ে এক হাজার ২৭২ জনের মৃত্যু হয়েছে। আরও বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় এক হাজার ২৭৩ জনের শরীরে হামের উপসর্গ পাওয়া গেছে। এ নিয়ে মোট সন্দেহভাজন সংক্রমণের সংখ্যা দাঁড়িয়েছে দুই লাখ ৬২ হাজার ৮০৮ জনে। এ ছাড়া গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৭৮ জন। এ নিয়ে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২৬ হাজার ৫৫৪ জনে। গত ১৫ মার্চ থেকে সারা দেশের বিভিন্ন হাসপাতালে এ পর্যন্ত হাম সন্দেহে দুই লাখ ৩৫ হাজার ৪৮২ জন রোগী ভর্তি হয়েছেন। একই সময়ে হাসপাতাল থেকে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন দুই লাখ ২৬ হাজার ৪৪০ জন।

এক ধাক্কায় সোনার দাম

পর্যন্ত সোনার দাম প্রায় ৩ দশমিক ৬ শতাংশ বেড়েছে। ভিটি মার্কেটসের প্রধান কৌশল কর্মকর্তা রস ম্যাক্সওয়েল বলেন, সাম্প্রতিক দরপতনের পর সোনার দাম স্থিতিশীল হওয়ার চেষ্টা করলেও বিনিয়োগকারীরা এখনো সতর্ক রয়েছেন। যুক্তরাষ্ট্রে ছুটির কারণে প্রযুক্তি খাতের শেয়ারে দরপতন এবং বিভিন্ন সম্পদ বিক্রির প্রবণতা সাময়িকভাবে থেমে থাকায় স্বর্ণের ওপর বিক্রির চাপ কমতে পারে। তিনি আরও বলেন, তবে সোনার দাম কখন এবং কীভাবে ঘুরে দাঁড়াবে, তা অনেকটাই নির্ভর করবে প্রকৃত সুদের হার, মার্কিন ডলারের অবস্থান এবং বিনিয়োগের অর্থপ্রবাহের ওপর। এদিকে, এআই নিয়ে উদ্বেগের কারণে বড় ধরনের দরপতনের পর এশিয়ার শেয়ারবাজার চলতি মাসের শেষ দিকে কিছুটা স্থিতিশীল অবস্থায় পৌঁছানোর আভাস দিয়েছে। ছুটির কারণে বাজারে লেনদেন কম থাকায় বিনিয়োগকারীরা সাময়িক স্বস্তি পেয়েছেন। থ্যাংকসগিভিং ছুটি উপলক্ষে বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের শেয়ারবাজার বন্ধ ছিল।

ইলিশ খাতের বার্ষিক অর্থনৈতিক

ওয়ার্কশপ: সাসটেইনিং হিলশা ফিশারিজ ইন দ্য বে অব বেঙ্গল রিজিয়ন' শীর্ষক কর্মশালায় এসব কথা বলেন তিনি। কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বলেন, ইলিশ খাতের বার্ষিক অর্থনৈতিক মূল্য প্রায় ৩ বিলিয়ন মার্কিন ডলার। এর সঙ্গে জড়িত রয়েছেন মৎস্যজীবী পরিবার, ব্যবসায়ী, পরিবহন শ্রমিক, প্রক্রিয়াজাতকারীসহ মূল্যশৃঙ্খলের অসংখ্য মানুষ। তিনি বলেন, ইলিশের অভয়াশ্রম প্রতিষ্ঠা, প্রজনন মৌসুমে মাছ ধরায় নিষেধাজ্ঞা এবং জেলেদের সামাজিক নিরাপত্তা কর্মসূচির মাধ্যমে সংরক্ষণ কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক ভিত্তি দেওয়া হয়েছে। আমিন উর রশিদ বলেন, ইলিশ ব্যবস্থাপনা হতে হবে বিজ্ঞানভিত্তিক, সমন্বিত ও পরিবর্তিত পরিবেশের সঙ্গে অভিযোজন সক্ষম। ইলিশের মজুত, প্রজননক্ষেত্র, বিচরণক্ষেত্র, পরিবেশগত অবস্থা, পানির প্রবাহ ও জলবায়ুর প্রভাব সম্পর্কে নির্ভরযোগ্য তথ্য প্রয়োজন। মন্ত্রী জানান, মাঠপর্যায়ে কাজ করতে গিয়ে তিনি বিজ্ঞানীদের গবেষণালব্ধ মতামত এবং বংশপরম্পরায় নদী ও সমুদ্রনির্ভর মৎস্যজীবীদের অভিজ্ঞতার মধ্যে কিছু পার্থক্য লক্ষ্য করা যাচ্ছে। গবেষণালব্ধ জ্ঞান ও মৎস্যজীবীদের বাস্তব অভিজ্ঞতার সমন্বয় ঘটাতে পারলে ইলিশ ব্যবস্থাপনা আরও কার্যকর হবে।

জোটের শরিক দলসহ নিরপেক্ষ

প্রসঙ্গে জানতে চাইলে ১১ দলীয় ঐক্যের সমন্বয়ক ও জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল ড. হামিদুর রহমান আযাদ বলেন, বৈঠক এক জিনিস, সংলাপ আরেক জিনিস। সংলাপ হলে সেটার ভেন্যু হতে হয় নিরপেক্ষ। সেখানে দাবির বিষয়ও থাকে, ঐকমত্যে আসার বিষয়ও আছে। জুলাই সনদ বাস্তবায়ন আমাদের প্রধান শর্ত। জুলাই সনদ বাস্তবায়ন হলে অধিকাংশ সমস্যার সমাধান। হামিদুর রহমান আযাদ বলেন, "যোগাযোগ, আলাপ-আলোচনা চলছে। আমরা দলীয়ভাবে না, জোটগতভাবেই সংলাপে বসতে চাই। আশা করছি শিগগিরই সংলাপে হবে। নির্বাচন কমিশনের ডাকেও সাড়া দিয়েছি। সেখানেও আমরা ১১ দলের ব্যানারেই সংলাপে বসবো। এই দুই সংলাপ নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে আজ শুক্রবার(২৭ নভেম্বর) ১১ দলীয় ঐক্যের লিয়াজোঁ কমিটির সভা ডাকা হয়েছে বলে জোটের পক্ষ থেকে নিশ্চিত করা হয়েছে।

সচিবালয় নয়, নিরপেক্ষ ভেন্যুতে সংলাপ চায় জামায়াত : সচিবালয় বা প্রধানমন্ত্রীর কার্যালয় নয়, নিরপেক্ষ ভেন্যুতে সংলাপের আয়োজনের শর্ত দিয়েছে জামায়াতে ইসলামী। এব্যাপারে জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল ও প্রচার সেক্রেটারি এহসানুল মাহবুব জুবায়ের বলেন, 'সরকার ও বিএনপির পক্ষ থেকে আমাদের সঙ্গে যোগাযোগ করেছে। আমরা তাদের ১১ দলীয় ঐক্য একসঙ্গে বসার বিষয়ে জানিয়েছি। এ বিষয়ে আমরা অনড়। এ ছাড়া সচিবালয় কিংবা প্রধানমন্ত্রীর কার্যালয়ে নয়, নিরপেক্ষ ভেন্যুতে সংলাপ আয়োজন করতে বলে জানিয়েছি। প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে রাজনৈতিক দলগুলোর সংলাপের উদ্যোগকে স্বাগত জানালেও শুরু থেকেই সম্মিলিত আলোচনার বিষয়টিকে সামনে আনে জামায়াতে ইসলামী। জামায়াতের প্রত্যাশা ছিল, অন্তর্বর্তী সরকারের আমলে জাতীয় ঐকমত্য কমিশনের আদলে জুলাই গণঅভ্যুত্থানের পক্ষের সব রাজনৈতিক দলকে নিয়ে সম্মিলিত সংলাপের আয়োজন করবে বিএনপি সরকার। জাতীয় ঐক্যের প্রশ্নে পৃথক বৈঠকের চেয়ে সব পক্ষকে নিয়ে এক টেবিলে বসে আলোচনা করাই বেশি কার্যকর বলেও মত দলটির শীর্ষ নেতাদের।

চাঁদাবাজদের বিএনপির রাজনীতি

দলের মধ্যে দু-একজন চাঁদাবাজের কারণে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ ধূলিস্যাৎ হতে দেওয়া যাবে না। দুই একজন মাদক কারবারির জন্য শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শে গড়া দলকে নস্যাৎ হতে দিতে পারি না। আইনশৃঙ্খলা বাহিনীকে উদ্দেশ্য করে মন্ত্রী বলেন, মাদক ও চাঁদাবাজ মুক্ত সমাজ গঠনে আইনশৃঙ্খলা বাহিনীকে চোখ কান বন্ধ করে কাজ করতে হবে। আপনারা আইন মেনে স্বাধীনভাবে মাদক, সন্ত্রাস ও চাঁদাবাজদের বিরুদ্ধে কাজ করবেন। আসাদুজ্জামান বলেন, দুই একজন মাদক কারবারি, চাঁদাবাজরা বিএনপির নাম ভাঙিয়ে চলছে। এরা দলের কঠিন সময়ে পাশে থাকবে না। আওয়ামী লীগের সঙ্গে এই দু একজন এখনো গোপনে আঁতাত করছে। আওয়ামী লীগকে তারা গোপনে সেল্টার দিচ্ছে। বিগত ১৭ বছরে এ চক্রটি আওয়ামী লীগের সঙ্গেই মিলেমিশে ছিল। এ ধরনের কাউকে বিএনপিতে দরকার নেই। পরে শৈলকুপা উপজেলার বিভিন্ন এলাকার ১১৯টি সামাজিক, ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে ৯৫ লাখ ৬০ হাজার চেক বিতরণ করেন আইনমন্ত্রী। অনুষ্ঠানে জেলা প্রশাসক নোমান হোসেন, পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাছান, জেলা পরিষদ প্রশাসক এমএ মজিদ, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হুমায়ুন বাবর ফিরোজ সহ বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সোমবার থেকে কমতে পারে

পারে। এ সময় দিন ও রাতের তাপমাত্রায় উল্লেখযোগ্য কোনো পরিবর্তনের সম্ভাবনা নেই। সোমবারও আকাশ আংশিক মেঘলা থাকতে পারে এবং আবহাওয়া শুষ্ক থাকবে। তবে এদিন সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। এরপর তাপমাত্রা আরও কমার সম্ভাবনা রয়েছে। এদিকে শুক্রবার দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে পঞ্চগড়ের তেঁতুলিয়ায়, ১৪ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। অন্যদিকে সর্বোচ্চ তাপমাত্রা ছিল চট্টগ্রামের সন্দ্বীপে, ৩১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

বিদেশি বিনিয়োগ আনলে মিলবে

কার্যনির্বাহী কমিটি আবেদনগুলো যাচাই-বাছাই করবে। অর্থ বিভাগের 'এফডিআই ইনসেনটিভ তহবিল' থেকে অনুমোদিত ব্যাংকের মাধ্যমে স্থানীয় মুদ্রায় এ প্রণোদনা দেওয়া হবে। তবে প্রবাসী বাংলাদেশিরা চাইলে প্রণোদনার অর্থ দেশের বাইরে পাঠাতে পারবেন।

নীতিমালার জবাবদিহি ও স্বচ্ছতা নিশ্চিত করতে ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ প্রতিবছর একটি ডাটাবোর্ড প্রকাশ করবে। এতে প্রাপ্ত আবেদনের সংখ্যা, বিতরণ করা প্রণোদনার পরিমাণ এবং এফডিআই-সংক্রান্ত পরিসংখ্যান তুলে ধরা হবে। পাশাপাশি জাতীয় পর্যালোচনা কমিটি প্রতিবছর নীতিমালা পর্যালোচনা করবে। নীতিমালাটি কার্যকর হওয়ার আগে দেশে আসা ইক্যুইটি এফডিআইয়ের বিপরীতে কোনো প্রণোদনা দেওয়া হবে না। আবেদন ফরম, লিড রেজিস্ট্রেশন ফরম্যাট ও বিস্তারিত নির্দেশনা ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষের ওয়েবসাইটে পাওয়া যাবে।

ট্রেনে কাটা পড়ে ১১০ টুকরো

ঢাকায় পৌঁছানোর আগেই ঘটে এই মর্মান্তিক ঘটনা। পুলিশের প্রাথমিক ধারণা, শুক্রবার ভোরে ঢাকাগামী পঞ্চগড় এক্সপ্রেস আন্তঃনগর ট্রেন থেকে পড়ে গিয়ে তার মৃত্যু হয়ে থাকতে পারে। মরদেহ উদ্ধারে ঘটনাস্থলে যাওয়া সান্তাহার রেলওয়ে থানার উপপরিদর্শক (এসআই) ফজলুল হক জানান, শুক্রবার সকালে খবর পেয়ে তিনি হেলালিয়া রেলস্টেশনে যান। সেখানে প্ল্যাটফরমের দক্ষিণ পাশ থেকে উত্তর পাশ পর্যন্ত ছড়িয়ে-ছিটিয়ে থাকা মরদেহের খণ্ডিত অংশ সংগ্রহ করেন। পরে প্রায় ১১০টি টুকরো একত্র করে ব্যাগে রাখেন।

এ সময় ঘটনাস্থলে নিহতের একটি মুঠোফোন পাওয়া যায়। ওই ফোনের মাধ্যমে পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ করা হলে তারা সান্তাহার রেলওয়ে থানায় তারা মরদেহ নিতে ছুটে আসেন। সান্তাহার রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দুলাল উদ্দীন বলেন, কীভাবে তার এমন মৃত্যু হয়েছে, তা নিশ্চিত হতে বিষয়টি তদন্ত করা হচ্ছে।

রূপপুরে পৌঁছাল ইউরেনিয়ামের

সদস্যরা। ইউরেনিয়ামের গাড়িবহর নির্বিঘ্নে প্রকল্প এলাকায় পৌঁছানোর লক্ষ্যে সড়কে সব ধরনের যানবাহন এবং জনসাধারণের চলাচল নিয়ন্ত্রণ করা হয়। প্রকল্প সূত্রে জানা গেছে, এর আগেও কয়েক দফায় রাশিয়া থেকে বিশেষ কার্গো বিমানে পারমাণবিক জ্বালানি ঢাকায় আনা হয়েছে। এসব জ্বালানি কঠোর নিরাপত্তায় সড়ক পথে রূপপুর বিদ্যুৎ কেন্দ্রে নেওয়া হয়। চলতি বছরের মধ্যে রাশিয়া থেকে আরও জ্বালানির চালান দেশে পৌঁছানোর কথা রয়েছে। উল্লেখ্য, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের পরীক্ষামূলক ভাবে জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ চলছে। পরীক্ষা নিরীক্ষা সম্পন্ন করে আগামী জানুয়ারি অথবা ফেব্রুয়ারিতে আনুষ্ঠানিকভাবে জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে বলে আশা করছেন প্রকল্প সংশ্লিষ্টরা।

ঢাকাসহ ছয় জেলায় ১১৩ প্লাটুন

করা হয়েছে। পাশাপাশি বিশৃঙ্খলা, সহিংসতা এবং জননিরাপত্তার জন্য হুমকি হতে পারে- এমন কর্মকাণ্ড প্রতিরোধে কাজ করছেন বিজিবি সদস্যরা। মাঠপর্যায়ের পরিস্থিতি পর্যবেক্ষণ ও নিরাপত্তা কার্যক্রম সমন্বয়ে বিজিবি সদর দপ্তরের মনিটরিং সেল থেকেও প্রযুক্তিনির্ভর নজরদারি চালানো হচ্ছে। ড্রোন, বডি-ওর্ন ক্যামেরা ও অন্যান্য আধুনিক প্রযুক্তির মাধ্যমে পাওয়া সরাসরি ভিডিও চিত্র সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হচ্ছে। বিজিবি জানিয়েছে, সীমান্তে নিয়মিত দায়িত্ব পালনের পাশাপাশি দেশের অভ্যন্তরীণ আইনশৃঙ্খলা রক্ষায়ও পেশাদারিত্ব, শৃঙ্খলা ও ধৈর্যের সঙ্গে দায়িত্ব পালন করছেন সদস্যরা। সাধারণ মানুষের জানমালের নিরাপত্তা, স্বাভাবিক চলাচল ও দৈনন্দিন কার্যক্রম নির্বিঘ্ন রাখা এবং যে-কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হয়েছে।

৮৬ হাজার মসজিদ-মন্দির-গির্জা-

প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। এর মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি সামাজিক মর্যাদা ও অবদানের রাষ্ট্রীয় স্বীকৃতি দেওয়া হবে। জনপ্রশাসন উপদেষ্টা জানান, চলতি অর্থবছরে সম্মানী কর্মসূচির আওতায় আসা ৮৬ হাজার ৭০৯টি প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে ৮২ হাজার ৬৫৬টি মসজিদ, ৩ হাজার মন্দির, ৭৫২টি বৌদ্ধ বিহার এবং ৩০১টি গির্জা। এসব প্রতিষ্ঠানে দায়িত্ব পালনকারী মোট ২ লাখ ৫৬ হাজার ৭৪ জন ধর্মীয় নেতা ও সেবাকর্মী সম্